

“ছেলে হোক, মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।



www.fpo.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৬৪

তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : সঠিকভাবে ইস্তফাপত্র দাখিল প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পটুয়াখালী এর স্মারক নং-জেপপ/পটুয়া/২০২২-৯৭৯, তারিখ : ১৩/১২/২২খ্রি: মোতাবেক নবনিয়োগপ্রাপ্ত হন এবং গত ২৬/১২/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগদান করেন এবং ঐ দিনই আপনার যোগদানপত্র গৃহীত হয়। যোগদানের পর থেকে আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনার অননুমোদিত কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে অত্র কার্যালয় থেকে স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-১১, তারিখ : ০৯/০১/২০২৩খ্রি: মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের জবাবে আপনি অসন্তোষজনক, ঔদ্যতপূর্ণ ও অসামঞ্জস্য জবাব দাখিল করেছেন। পরবর্তীতে অত্র কার্যালয় থেকে স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-২২, তারিখ : ২২/০১/২০২৩খ্রি: এবং স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৪৩, তারিখ : ০৫/০২/২০২৩খ্রি: মোতাবেক পুনঃ কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু আপনি পরবর্তী (২য় ও ৩য়) কারণ দর্শানো নোটিশগুলোর জবাব আদৌ দাখিল করেননি। উপরন্তু আপনি অননুমোদিতভাবে লাগাতার কর্মস্থলে অনুপস্থিত আছেন।

গত ০৯/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ রেজিষ্ট্রি ডাকযোগে আপনার চাকুরী থেকে পদত্যাগের একটি পত্র অত্রফিসে পাওয়া যায়। আপনি যে পদত্যাগ পত্র দাখিল করেছেন তা যথাযথ প্রক্রিয়ায় হয়নি। আপনি যদি চাকুরী থেকে স্বেচ্ছায় ইস্তফা দিতে চান তবে নিম্নস্বাক্ষরকারীর মতামত/পরামর্শ নিম্নরূপ :

- ০১। আপনি যে পদে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হয়েছেন (পরিবার কল্যাণ সহকারী) সে পদের নিয়োগকারী কর্তৃপক্ষ উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী। সুতরাং আপনাকে উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয় বরাবরে যথাযথ কর্তৃপক্ষের (নিম্নস্বাক্ষরকারীর) মাধ্যমে ইস্তফাপত্র দাখিল করতে হবে।
- ০২। আপনি প্রজাতন্ত্রের একজন কর্মচারী। প্রজাতন্ত্রের কর্মচারীদের পদত্যাগ করার বিধান নেই। আপনাকে ইস্তফাপত্র দিতে হবে।
- ০৩। স্বেচ্ছায় ইস্তফাপত্র দেওয়ার পর আপনাকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অনাপত্তিপত্র গ্রহন করতে হবে। নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় আপনার চাকুরীকাল যাচাই-বাছাই করে অনাপত্তিপত্র সহ চাকুরী থেকে স্বেচ্ছায় ইস্তফার আবেদন নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবরে অর্পণ করবেন। অতঃপর নিয়োগকারী কর্তৃপক্ষ আপনার ইস্তফাপত্র মঞ্জুর করলে ইস্তফা কার্যকর হবে।
- ০৪। অনাপত্তিপত্র ছাড়া ইস্তফাপত্র কার্যকর হবে না। এ ক্ষেত্রে ভবিষ্যতে আপনি আইন ও বিধি মোতাবেক জটিলতার সম্মুখীন হতে পারেন।

এমতাবস্থায়, আপনার নিকট রক্ষিত মজিদবাড়িয়া ইউনিয়নের ২/ক ইউনিটের পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার সহ যথাযথ নিয়মে স্বশরীরে স্বেচ্ছায় ইস্তফাপত্র অত্র কার্যালয়ে দাখিল করে অনাপত্তিপত্র গ্রহন করার জন্য আপনাকে পরামর্শ প্রদান করা হল। অন্যথায় আপনার চাকুরী থেকে স্বেচ্ছায় ইস্তফার বিষয়ে আইন ও বিধি মোতাবেক কোন ধরনের জটিলতা তৈরি হলে তার দায়ভার নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় গ্রহন করবেন।

জনাব আরিয়ানা আফরীন  
পরিবার কল্যাণ সহকারী  
২/ক ইউনিট, মজিদবাড়িয়া ইউনিয়ন,  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-৬৪/১(৮)

তারিখ : ১৫/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০২। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৭। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

ফোন : ০৪৪২৬-৭৫২৪২

E-mail : ufpo.mirza@gmail.com